গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

কৃষিই সমৃদ্ধি

## তুলা উন্নয়ন বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের বিভাগীয় (১ম) সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: ফখরে আলম ইবনে তাবিব<br>নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৫-০৭-২০২৩ খ্রিঃ |
| সভার সময় | দুপুর ০২.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বলেন যে, তুলা উন্নয়ন বোর্ড-এর জনবল কম তাই তিনি সকলকে নিজ নিজ দায়িত্ব সঠিক ভাবে পালনের নির্দেশ দেন। পরবর্তীতে তিনি ফাহিনুর রহমান শাতিল, তুলা উন্নয়ন কর্মকর্তা তুলা উন্নয়ন বোর্ড-কে এজেন্ডা অনুযায়ী আলোচনা করার অনুরোধ করেন। উক্ত সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| **ক্র.নং** | **আলোচ্য বিষয়বস্তু** | **আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|
| ১ | ই-ফাইলিং ও তথ্য বাতায়ন | **সিদ্ধান্ত-i:** সকল শাখাকে কমপক্ষে ৮৫% নথি কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। যে সকল শাখায় হার্ড ফাইলে অধিক সংখ্যক নোট নিষ্পন্ন হচ্ছে তাদের ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করতে সতর্ক করতে হবে। | আইসিটি শাখা |
| | | **সিদ্ধান্ত ii:** তথ্য বাতায়ন আপলোডকরণের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অফিস সমূহকে আরো জোড়ালো ভুমিকা রাখতে হবে। | |
| | | **সিদ্ধান্ত iii:** ই-ফাইলিং ও তথ্য বাতায়নে যারা রিপোর্ট প্রদান করে নাই তাদেরকে পত্র দিতে হবে। | |
| ২ | শূণ্য পদ পূরণ এবং পদ সৃজন | **সিদ্ধান্ত-i:** ১৩ ক্যাটাগারির নিয়োগ এবং পদোন্নতির জন্য ৩১/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে DPC সভা আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন শাখা |
| | | **সিদ্ধান্ত ii:** তুলা উন্নয়ন বোর্ডে- জনবল নিয়োগের আবেদনে প্রার্থীর জেলা কোটা সমূহ সঠিক আছে কিনা এবং অনলাইন আবেদনের টেলিটক লিঙ্ক- এর সকল অপশন সমূহ সঠিক আছে কিনা তা যাচাই করতে হবে। এ দায়িত্ব ড. মোঃ গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিষেশজ্ঞ, তুলা উন্নয়ন বোর্ড পালন করবেন। | প্রশাসন শাখা<br>ও<br>ড. মোঃ গাজী গোলাম মর্তুজা |
| | | **সিদ্ধান্ত iii:** ডিজিটাল হাজিরা বাস্তবায়ন না হওয়া পর্যন্ত নিয়মিতভাবে হাজিরা খাতায় হাজিরা দিতে হবে। | প্রশাসন শাখা |
| | | **সিদ্ধান্ত iv:** সিডিও প্রস্তাব প্রেরণে প্রশাসনিক কর্মকর্তার সাথে জহিরুল ইসলাম কাজ করবেন । | প্রশাসন শাখা |
| | | **সিদ্ধান্ত v:** রাজস্ব এবং প্রকল্পের বাজেট থেকে আনসারদের সেড নির্মানের ব্যয় নির্বাহ করবেন। সেড তৈরি বিষয়ে আবু তালেব চৌধুরী এবং শাহীন মাহমুদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | আবু তালেব চৌধুরী এবং শাহীন মাহমুদ |

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত iv:** শূন্য পদ পূরণ, পদ সৃজন এবং অন্যান্য সকল বিষয় সমূহ দ্রুততার সহিত সম্পাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রশাসন শাখা |
| ৩ | বিটি কটন ও গবেষণার অগ্রগতি | **সিদ্ধান্ত-i:** বিটি কটন অনুমোদিত হয়েছে এবং এ অর্জনের পরবর্তী ধাপ হিসেবে ১৬৮ টি প্রদর্শনীর মধ্যে ১৩৮ টি মাঠ পর্যায়ে এবং ৩০ টি গবেষণা কেন্দ্রে বাস্তবায়ন করা হবে ।<br>**সিদ্ধান্ত ii:** বিটি কটন প্রদর্শনী সম্পর্কে সম্যক ধারণার জন্য প্রত্যেক জোন হতে তুলা উন্নয়ন কর্মকর্তাদের সমন্বয়ে তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরে বিটি কটন গাইড লাইনের উপর ১ দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>**সিদ্ধান্ত iii:** বিটি কটন সম্পর্কিত প্রদর্শনীগুলো তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প হতে আয়োজন করা হবে এবং প্রশিক্ষণসমূহ রাজস্ব বাজেট থেকে আয়োজন করা হবে।<br>**সিদ্ধান্ত iv:** অন্যান্য গবেষণা এবং অন-ফার্ম ট্রায়াল বাস্তবায়নে পরীবিক্ষণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ড. মো: কামরুল ইসলাম,প্রকল্প পরিচালক, সীমা কুন্ডু, প্রকল্প পরিচালক ও গবেষণা শাখা |
| ৪ | প্রকল্পের অগ্রগতি | **সিদ্ধান্ত:** সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প- এর আর্থিক অগ্রগতি ৯২.৫% এবং বাস্তবায়ন শতভাগ। তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প-এর আর্থিক অগ্রগতি ৯৮.৮% এবং বাস্তবায়ন শতভাগ। চলতি অর্থ বছরে সকল প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক |
| ৫ | অডিট আপত্তি | **সিদ্ধান্ত:** অডিটসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারি পরিচালক ও হিসাব শাখা |
| ৬ | বাজেট ও হিসাব সংক্রান্ত | **সিদ্ধান্ত-i: বাজেট বাস্তবায়নে** প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে BMC সভার আয়োজন করতে হবে।<br>**সিদ্ধান্ত ii:** হিসাব শাখার অগ্রগতি বেগবান করার লক্ষ্যে তুলা উন্নয়ন বোর্ডের সকল কার্যালয়ের হিসাব শাখার দায়িত্বে যারা রয়েছেন তাদের নিয়ে বাজেট সম্পর্কিত একটি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপপরিচালক ও হিসাব শাখা |
| ৭ | প্রকিউরমেন্ট সংক্রান্ত | **সিদ্ধান্ত-i :** প্রকিউরমেন্ট সংক্রান্ত সকল কার্যক্রম সম্বলিত একটি কর্মপরিকল্পনা (APP) তৈরি করতে হবে।<br>**সিদ্ধান্ত ii:** আউটসোর্সিং নিয়োগের ক্ষেত্রে প্রকিউরমেন্ট সংক্রান্ত সকল কার্য অতি দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | প্রকিউরমেন্ট শাখা |
| ৮ | প্রশিক্ষণ এবং কর্মশালা সংক্রান্ত | **সিদ্ধান্ত- i: ২০২৩-২৪ অর্থবছরের** সকল প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা বাস্তবায়নের জন্য একটি কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। | প্রশিক্ষণ শাখা |
| ৯ | এপিএ বিষয়ক কার্যক্রম | **সিদ্ধান্ত- i:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং অন্যান্য ৫টি কর্মপরিকল্পনা যথাসময়ে শতভাগ বাস্তবায়ন করতে হবে।<br>**সিদ্ধান্ত ii:** উক্ত ৬টি কর্মপরিকল্পনায় মাঠ পর্যায়ের যে সকল কার্যালয় ভালো অর্জন করবে তাদের পুরস্কৃত এবং যারা আশানুরূপ অর্জন করবে না তাদের তিরস্কার করতে হবে।<br>**সিদ্ধান্ত iii:** মাঠ পর্যায়ের যে সকল কার্যালয় হতে ৬ টি কর্মপরিকল্পনার রিপোর্ট নিয়মিত পাওয়া যায় না তাদের শোকজ করে পত্র প্রেরণ করতে হবে। পত্র প্রেরণের ২-৩ কার্যদিবসের মধ্যে উক্ত কার্যালয় সমূহের জবাব না পাওয়া গেলে তাদের বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে। | এপিএ টিম |
| ১০ | বিবিধ | **সিদ্ধান্ত-i:** তুলা উন্নয়ন বোর্ড-এর ২০২৩-২৪ অর্থ বছরের গ্যান্ট চার্ট তৈরি করতে হবে। | ফাহিনুর রহমান শাতিল, সিডিও |

| | | | |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-ii:** পাট গবেষণা, কটন কানেক্ট এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. মোঃ কামরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং মোঃ মাহমুদুল হাসান, তুলা উন্নয়ন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। | ড. মোঃ কামরুল ইসলাম, এস.এস. ও এবং মোঃ মাহমুদুল হাসান, সিডিও |
| | | **সিদ্ধান্ত-iii:** নতুন প্রকল্প/কর্মসূচী প্রস্তাব প্রেরণের জন্য নতুন এবং ইনোভেটিভ বিষয়ে প্রকল্প/কর্মসূচী প্রস্তুত করতে হবে। | সকল কর্মকর্তা |
| | | **সিদ্ধান্ত-i v :** তুলা ভবনের সার্বিক ব্যবস্থাপনা বাস্তবায়নে সকলকে এবং গঠিত সকল কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল কর্মকর্তা/ কর্মচারী |

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্ত ঘোষনা করেন।

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)


স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০১.০১৩.১৯.২৩৩

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০
৩১ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
২) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
৩) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
৪) কীটপতঙ্গ বিশেষজ্ঞ, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড
৫) প্রকল্প পরিচালক, এনহানসিং ক্যাপাসিটি ইন কটন ভ্যারাইটিস ডেভেলপমেন্ট প্রকল্প
৬) কর্মসূচি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কর্মসূচি পরিচালকের দপ্তর, তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ কর্মসূচি, তুলা উন্নয়ন বোর্ড
৭) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
৯) সিনিয়র সীড প্রোডাকশান অফিসার, মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১০) সিনিয়র জিনিং অফিসার, প্রশিক্ষণ শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১১) সিনিয়র জিনিং অফিসার , মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১২) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১৩) তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রকিউরমেন্ট শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১৪) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১৫) কারিগরী কর্মকর্তা, টেকনিক্যাল শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১৬) আঁশ প্রযুক্তিবিদ, ল্যাবরেটরি শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১৭) সহকারী পরিচালক, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড
১৮) ব্যক্তিগত সহকারী, নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
১৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড
২০) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, তুলা উন্নয়ন বোর্ড

২১) কটন ইউনিট অফিসার, স্টোর শাখা, তুলা উন্নয়ন বোর্ড



মোঃ মাহমুদুল হাসান
তুলা উন্নয়ন কর্মকর্তা